

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৬৭৭

৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ১৫. মুরজিয়া সম্প্রদায় প্রত্যাখ্যাত

بَابُ فِي رَدِّ الْإِرْجَاءِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلِ، حَدَّثَنِي يَحْيَى بْنُ سَعِيد، عَنْ شُعْبَة، حَدَّثَنِي أَبُو جَمْرَة، قَالَ: سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ، قَالَ: إِنَّ وَفْدَ عَبْدِ الْقَيْسِ لَمَّا قَدِمُوا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَمْرَهُمْ بِالْإِيمَانِ بِاللَّهِ، قَالَ: أَتَدْرُونَ مَا الْإِيمَانُ بِاللَّهِ، قَالُوا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ، وَسَلَّمَ: أَمْرَهُمْ بِالْإِيمَانِ بِاللَّهِ، قَالَ: أَتَدْرُونَ مَا الْإِيمَانُ بِاللَّهِ، قَالُوا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ، قَالَ: شَهَادَةُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ وَإِقَامُ الصَّلَاةِ، وَإِيتَاءُ الزَّكَاةِ، وَصَوْمُ رَمَضَانَ، وَأَنْ تُعْطُوا الْخُمْسَ مِنَ الْمَغْنَم

صحيح

বাংলা

৪৬৭৭। ইবনু আব্বাস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আব্দুল কাইস গোত্রের প্রতিনিধি দল রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এলে তিনি তাদেরকে আল্লাহর প্রতি ঈমান আনার নির্দেশ দেন। তিনি বললেন, তোমরা কি জানো এক আল্লাহর উপর ঈমান আনা কী? তারা বললেন, আল্লাহ ও তাঁর রাসূলই বেশী জানেন। তিনি বললেন, আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই এবং মুহাম্মাদ আল্লাহর রাসূল এর সাক্ষ্য দেয়া, সালাত কায়িম করা, যাকাত দেয়া এবং রমযান মাসের সিয়াম পালন করা। এছাড়া তোমরা গানীমাতের এক-পঞ্চমাংশ জমা দিবে।[1]

সহীহ।

English

Ibn 'Abbas said:

When the deputation of 'Abd al-Qais came to the Messenger of Allah (May



peace be upon him), he commanded them to believe in Allah. He asked: Do you know what faith in Allah is? They replied: Allah and his Apostle know best. He said: It includes the testimony that there is no god but Allah, and that Muhammad is Allah's Apostle, the observance of the prayer, the payment of zakat, the fasts of Ramadan, and your giving a fifth of the booty.

ফুটনোট

[1]. বুখারী, মুসলিম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন